

## একটি প্রশ্ন

একটা প্রশ্ন আরও একটা প্রশ্ন  
আরও অনেক প্রশ্ন অনেক অনেক প্রশ্ন  
অনেক প্রশ্ন, অনেক প্রশ্ন, অনেক অনেক অনেক প্রশ্ন  
সর্ব শক্তিমান কে? সুন্দরের শ্রষ্টা কে?  
এক এবং একটাই উত্তর।।

কালের চাকা ঘোরায় যারা, শ্রমজীবী মানুষের দল।  
জ্ঞান বিজ্ঞান, সভ্যতা, ইতিহাস, সাম্রাজ্য  
কাদের এই অবদান?  
এক এবং একটাই উত্তর।।

লড়েছে বিরূপের বিরুদ্ধে, বাড়িয়েছে প্রতিরোধ ক্ষমতা  
অন্ধকারের ঐ অতীত গুহা হতে এনেছে জ্ঞানেরই বারতা।  
এক এবং একটাই উত্তর।।

মহান হতে মহত্তর তাজমহলের শ্রষ্টা কে?  
শাজাহান? না।  
সেই মজুরের দল  
পাথরের ঘায়ে যারা ভেঙেছে আঙুল  
বঁকে গেছে শিরদাঁড়া পাথরের নীচে  
ঝরিয়ে অঝোরে রক্ত  
তারাই করেছে তৈরী  
এক এবং একটাই উত্তর  
শ্রমজীবী মানুষের দল।।

শহর রাষ্ট্র সাম্রাজ্য তৈরী কাদের বল?  
রাজাদের? না, নেতাদের? না, সেনাদের?  
সেনারা যারা করেছে যুদ্ধ  
পেতে ঢাল এক মুষ্টি।  
বুলেটে বুলেটে করেছে স্নান  
ছিড়েছে অসির আঘাতে  
লড়েছে তারাই, গড়েছে তারাই  
তৈরী হয়েছে রাষ্ট্র।

এক কথাতেই উত্তর দাও  
ওরাই গড়েছে সাম্রাজ্য  
এক এবং একটাই উত্তর।।

## এক প্রশ্ন

কিউ? কিউ? কিউ?

সময় এহি হয় প্রশ্ন উঠানে কো

এক প্রশ্ন (৪)

এক প্রশ্ন, প্রতি প্রশ্ন, বহুত প্রশ্ন, বহুত বহুত প্রশ্ন।

ব্রহ্মাণ্ড শক্তি কোন হয়?

সুন্দরতা কিসনে রচি?

জবাব হয়, এহি জবাব হয়

মেহনত করতা আদমী

ইতিহাস রচনেওয়াল আদমী

সাম্রাজ্য কো, সভ্যতাওঁ কো, জ্ঞান বিজ্ঞান ইতিহাসেঁ কো

কিন হাথোঁ মে ইন সবকা রচা

জবাব হয়, এহি জবাব হয়।

লড়ে লড়াই মুসিবাতোঁ সে

যুগ যুগ সে লড়তে আই

ইসি তরহা সে হয় বিকাশ

বনা ইতিহাস

ভূত কাল কি অন্ধেরি গুহোঁ কা মানব

সভি জাগা জ্ঞান জ্যোতি উসনে জাগাই।

জবাব হয়, এহি জবাব হয়।।

মেহনত করতা আদমী।

দুনিয়াঁকা বড়া আজুবা তাজমহল কিসনে বনায়া

শাহজাহাঁ? নহি

হাত জিনকে কুচলে কমর ঝুঁকি চট্টানোসে

খুন বহা জিনকা উসে বনায়া

উন হাথোঁ নে

জবাব হয়, এহি জবাব হয়।।

নগরোঁ কো, রাষ্ট্র কো, সাম্রাজ্য কো কিসনে বনায়া

রাজাওঁনে নহি, নেতাওঁনে নহি নহি

সৈনিকোনে পেটকে খাতের জঙ্গলডি

সৈনিকোনে গোলি খাই সিনো মে

তলোয়ার সে কাটে গয়ে

জবাব হয়, এহি জবাব হয়।।

শেখো বন্ধু শেখো, শেখো বন্ধু শেখো  
পড়ো বন্ধু পড়ো, পড়ো বন্ধু পড়ো  
জানো বন্ধু জানো, সব কিছু জানো  
প্রথম থেকে, শুরু থেকে, গোড়া থেকে ॥

পিছিয়ে পড়া মানুষ (তুমি শেখো)  
হে বন্ধু (তুমি শেখো)  
রান্নাঘরের গিনি (তুমি শেখো)  
ওগো বুড়ো তুমি শেখো  
জ্ঞানের আলোক শিখা জ্বালিয়ে তুমি  
ভাঙো সব বন্ধ দুয়ার ।  
এগিয়ে তোমায় যে হবে নিতে  
সমাজটাকে আলোর দিকে, মুক্তির দিকে ॥

ওগো গৃহহীন অসহায় বন্ধু, নিজের গ্রন্থ তৈরী কর  
অনাহারী দুঃখী মানুষ, তুমি পুঁথির সন্ধানে বেরিয়ে পড়  
ক্ষেতমজুর ভাই নিজেরই জন্য, একটা বইয়ের খোঁজ কর  
অস্ত্র তোমার এটা হবে, হবে তোমার হাতিয়ার  
জ্ঞানের আলোক - - - - বন্ধ দুয়ার  
এগিয়ে তোমায় - - - - মুক্তির দিকে ॥

ওগো ভয় পেয়ো না বন্ধু, প্রশ্ন তুলতে কোনো  
ভাগ্যের জোরের ওপর, বিশ্বাস করো না কখনো  
তোলো প্রশ্ন সব বিষয়ে, তোলো প্রশ্ন, প্রশ্নই পথ  
সব দিকে রেখে আঙ্গুল প্রশ্ন কর, প্রশ্ন কর  
এগিয়ে তোমায় - - - - মুক্তির দিকে ॥